দৈনিক ইত্তেফাক

তারিখ MAR 1 1999
পৃষ্ঠা ১০ কলাম ২

133

# মাদ্রাসা শিক্ষা ধ্বংসের চক্রান্ত সরকারের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনবে

## –মাওলানা সাঈদী

নোয়াখালী অফিস ঃ প্রখ্যাত ইসলামী চিন্তাবিদ মাওলানা দেলাওয়ার হোসেন সাঈদী এমপি বলেছেন, একটি কল্যাণকামী মুসলিম সরকারের প্রধান দায়িত্ব হচ্ছে তার দেশে চার দফা কর্মসূচী চালু করা। এর প্রথমটি হলো, জনগণের চরিত্র সৃষ্টির লক্ষ্যে মুসলমানদের মধ্যে নামাজ বাধ্যতামূলক করা; দ্বিতীয়টি অর্থনৈতিক দিক থেকে দারিদ্র্য দূরীকরণে যাকাতভিত্তিক অর্থনীতি চালু করা; তৃতীয়টি সমস্ত ভাল ও কল্যাণমূলক কাজ চালু করা এবং চতুর্থটি হচ্ছে, সকল অন্যায়-অবিচার, শোষণ-নিপীড়ন দূর করা। কিন্তু দুর্ভাগ্য এদেশের সরকারগুলো কোরআন ঘোষিত এই চার দফা চালু তো করেইনি; বরং আল্লাহর বিধানের সাথে নাফরমানী, সুদ, ঘুষ, মদ ও পতিতাবৃত্তি চালু করেছে। মাওলানা সাঈদী গতকাল (রবিবার) রাতে নোয়াখালী জিলাস্কুল ময়দানে এক বিশাল তাফসীর মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন।

মাওলানা সাঈদী বলেন, বর্তমান সরকার প্রধান হজ্ব, ওমরা ও মাথায় কালো হিজাব পরে দেশবাসীর সাথে প্রতারণা করছে। সরকার মুরতাদ ও নাস্তিকদের পরামর্শ অনুযায়ী মাদ্রাসা শিক্ষা বন্ধ করার মারাত্মক ষড়যন্ত্রে মেতে উঠেছে। কিন্তু মাদ্রাসা শিক্ষা ধ্বংস করার ষড়যন্ত্র এ সরকারের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনবে। কওমী মাদ্রাসা ও সরকারী মাদ্রাসার বিরুদ্ধে সরকার ও তার মদদপুষ্ট তথাকথিত বুদ্ধিজীবী মহলের সকল চক্রান্ত ব্যর্থ হবে। তাই সকলের জেনে রাখা উচিত, ইসলামী কর্মকাণ্ডের যারা বিরোধিতা করেছে আল্লাহ তা'আলা সেসব গোত্রকে ধ্বংস করে দিয়েছেন। সুতরাং ইতিহাস থেকে শিক্ষা গ্রহণের সময় এসেছে। মাওলানা সাঈদী আরো বলেন, দেশী-বিদেশী সকল অপশক্তি আজ ইসলামবিরোধী তৎপরতার সুগভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। বিভিন্ন এনজিও গ্রামীণ লোকদের সেবার নামে ইসলামের বিরুদ্ধে অপপ্রচার ও কটূক্তি করছে। তাই এখন থেকে এসব অপশক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ হবার লক্ষ্যে দেশ ও জাতির প্রয়োজনে ওলামায়ে কেরামকে ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধ হবার সময় এসেছে।

ইসলামী সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাওলানা রফি উদ্দিন আহমদ।